



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

## প্রেস বিজ্ঞপ্তি

১লা নভেম্বর, ২০২১



### বাউবি'তে কোয়ালিটি এ্যাসুরেন্স এ্যান্ড এক্রিডেশন ইন হায়ার এডুকেশন কর্মশালা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কোয়ালিটি এ্যাসুরেন্স এ্যান্ড এক্রিডেশন ইন হায়ার এডুকেশন ৪ দিনব্যাপী কর্মশালা বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের কনফারেন্স হলে আজ (১লা নভেম্বর, ২০২১) সোমবার হতে শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রধান অতিথি হিসেবে অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার কর্মশালার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। কর্মশালার উদ্বোধন করে উপাচার্য বলেন, ৪র্থ শিল্প বিপ্লবের এই যুগে বিশ্বসমাজের সকলেই তাই জ্ঞানভিত্তিক সমাজের অংশ। জ্ঞান সৃজন, সংরক্ষণ ও বিতরণে উৎকর্ষ ব্যবস্থাপনায় আমাদের সকলকে সম্পৃক্ত হতে হবে। এ সময় উপাচার্য আরো বলেন, ২০৪১ সালে উন্নত বাংলাদেশ সৃজনে প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়নে শিক্ষায় কোয়ালিটি এ্যাসুরেন্স একটি চ্যালেঞ্জ। সমাজ ও জাতিকে শিক্ষায় এগিয়ে নিয়ে যাবার জন্য বাউবি তাঁর শিক্ষক, কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য এ প্রশিক্ষণ আয়োজন করেছেন।

উদ্বোধনী পর্বে বিশেষ অতিথি প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল রিসোর্স পার্সন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ও আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ জাহানুর রহমান, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, পরিচালক আইকিউএসি অধ্যাপক আনোয়ারুল ইসলাম কর্মশালাটির লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে সারগর্ভ বক্তব্য রাখেন। শিক্ষার গুণগত উৎকর্ষ সাধনে কোয়ালিটি এ্যাসুরেন্সে স্বচ্ছতা ও জবাবদিহিতা অনুশীলনের জন্য সভায় বক্তাগণ বিশেষভাবে উল্লেখ করেন।

কর্মশালায় সভাপতিত্ব করেন আইকিউএসির পরিচালক অধ্যাপক আনোয়ারুল ইসলাম। অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের ডিন ও পরিচালকগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মু. ফখরুল ইসলাম পাটোয়ারী, সহকারী অধ্যাপক এসএসএইচএল।

৪ দিনের কর্মশালায় ছয় স্কুলের ৬০ জন শিক্ষক বিভিন্ন প্রশাসনিক বিভাগসমূহের কর্মকর্তাগণ বিভিন্ন লেভেলের ৪০ জন অংশ নেন।

**মোঃ আবুল কাসেম শিখদার**

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ

বাউবি, গাজীপুর-১৭০৫।

মোবা: ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক